আলমডাঙ্গায় ৪০ পাউন্ডের কেক কেটে বর্ণাঢ্য পরিবেশে প্রতিষ্ঠাবার্ষিকী পালন

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে আওয়ামী লীগের ৭৫ তম ড্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। আলমডাঙ্গা উপজেলা ও পৌর আওয়ামী লীগের উদ্যোগে আজ রোববার সকালে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন,বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মাল্যদান,জন্ম বার্ষিকীর কেক কাটা বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসব কর্মসুচীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,আজকের এইদিনে আওয়ামীলীগ প্রতিষ্ঠিত হয়েছিল। আওয়ামী লীগ একটি ঐতিহ্যবাহী দল।

আওয়ামীলীগ হলো জনগণের দল,আওয়ামীলীগ জনগণের মুখপাত্র। আওয়ামীলীগ এক সময় এতোবড় সংগঠন ছিলনা। আজকে আওয়ামীলীগ এশিয়ার একটি বৃহত্তম দল হিসেবে রুপান্তরিত হয়েছে। সময়ের প্রয়োজনে এই দল সৃষ্টি হয়েছিল। এদেশে যা কিছু অর্জন, এ সংগঠনের মাধ্যমেই হয়েছে। স্বাধীনতা যুদ্ধ থেকে ভাষা আন্দোলন সবই এই সংগঠনের নেতৃত্বে হয়েছে। বিনা রক্তে বাঙালি জাতির কোন অর্জন আসেনি। আজকে বাংলাদেশ আওয়ামীলীগের কান্ডারি বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিসার নেতৃত্বে দেশ উন্নয়নের পথে এগিয়ে চলেছে।

উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুছার সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অথিথি ছিলোন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক,সাবেক মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন,সাবেক সাংগঠনিক সম্ডাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস,সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন,উপজেলা পরিষদের চেয়ারম্যান কে,এম মঞ্জিলুর রহমান। উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলীর পরিচালনায় আরও উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা,সাবেক পৌর সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, সাবেক উপপ্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পৌর আওয়ামী